অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/8/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অরেঞ্জ কাউন্টিতে লেগোল্যান্ড® নিউ ইয়র্ক রিসোর্ট 2022 মৌসুমের জন্য খুলে দেওয়ার ঘোষণা করলেন

গোশেন থিম পার্কের প্রথম পূর্ণাঙ্গ মৌসুমে থাকবে নতুন ইভেন্ট, শো এবং আকর্ষণ

ঘোষণাটি নিউ ইয়র্ক স্টেটের পর্যটন শিল্প পুনর্গঠন ও পুনরুজ্জীবনে স্টেটের প্রচেষ্টার সম্পূরক

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে অরেঞ্জ কাউন্টির গোশেনে লেগোল্যান্ড® নিউ ইয়র্ক রিসোর্টটি (LEGOLAND® New York Resort) 2022 মৌসুমের জন্য খুলে দেওয়া হবে। 2021 সালের জুলাই মাসে যাত্রা শুরুর পর এটি হবে থিম পার্কটির প্রথম পূর্ণাঙ্গ মৌসুম। এই বছর, লেগোল্যান্ড নিউ ইয়র্ক রিসোর্ট অতিথিদের আকর্ষণীয় ইভেন্টের একটি পূর্ণাঙ্গ ক্যালেন্ডার দিচ্ছে, যার মধ্যে প্রথমবারের মতো 4 জুলাইয়ের আতশবাজি থাকবে। এই গ্রীষ্মে লেগো® সিটি ওয়াটার প্লেগ্রাউন্ডের (LEGO® City Water Playground) মতো নতুন নতুন বিনোদন ভেন্যু খোলার কথা রয়েছে, যা অতিথিদের একটি গ্রীষ্মের গরম দিনে নিখুঁত মরূদ্যান প্রদান করবে, এবং একইসাথে তাদের নিজেদের লেগো নৌকা বানানো ও রেস করানোর সুযোগ প্রদান করবে।

"আমরা লেগোল্যান্ড নিউ ইয়র্ক রিসোর্টটি মৌসুমের জন্য খুলে দিয়ে স্টেট এবং বিশ্বের সকল প্রান্ত থেকে আগত ভ্রমণকারীদের স্বাগত জানাতে পেরে আনন্দিত," **গভর্নর হোকল বলেন।** "অনন্য, পরিবারবান্ধব এই গন্তব্যটি স্থানীয় অর্থনীতির জন্য একটি আশীর্বাদস্বরূপ এবং এটি স্টেটের পর্যটন শিল্পের একটি অবিচ্ছেদ্য অংশ। লেগোল্যান্ড নিউ ইয়র্কের ভবিষ্যৎ উজ্জ্বল এবং যেহেতু আমরা কোভিড-19 থেকে অর্থনৈতিক দিক দিয়ে প্রত্যাবর্তন করছি তাই সামনের দিনে এর বহু সফল মৌসুম দেখতে আমরা উন্মুখ।"

লেগোল্যান্ড নিউ ইয়র্ক রিসোর্টের ডিভিশনাল পরিচালক স্টেফানি জনসন বলেন, "এই বছর পারিবারিক ভ্রমণের ব্যাপারে অনেক বেশি উৎসাহ রয়েছে এবং আমরা এই মৌসুমে আমাদের অতিথিদের সাথে ব্রিকট্যাস্টিক স্মৃতি বানানোর জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি। আমরা গত বছরে আমাদের পর্যায়ক্রমিক খোলা স্বত্বতেও তীব্র চাহিদা দেখেছি, এবং আমরা আশা করছি যে সেরকমভাবেই আমাদের প্রথম পূর্ণাঙ্গ মৌসুমেও আমরা আমাদের রিসোর্টটির সকল সুযোগ সুবিধা নিয়ে পরিবারগুলিকে স্বাগত জানাতে পারবো।"

লেগোল্যান্ড নিউ ইয়র্ক রিসোর্টে নতুন মৌসুমের জন্য আগ্রহ বেড়েই চলেছে, এপ্রিলের বেশির ভাগ তারিখের জন্য 250-কক্ষের লেগোল্যান্ড হোটেলটি (LEGOLAND Hotel) সম্পূর্ণ ভাড়া হয়ে গেছে। শিশুদের জন্য নকশা ও নির্মাণ করা হোটেলটি গত বছর পরিবারগুলির মধ্যে অনেক জনপ্রিয় হয়েছে, যা অগাস্ট থেকে নভেম্বর পর্যন্ত সম্পূর্ণ বা প্রায় সম্পূর্ণ ভরা থেকেছে। লেগো® থিমসহ প্রত্যেকটি কক্ষে রয়েছে একটি পৃথক শিশুদের ঘুমানোর স্থান, শিশুদের জন্য প্রতিদিন বিনোদনের ব্যবস্থা এবং লেগো পুরস্কারের জন্য স্ক্যাভেঞ্জার হান্ট, এবং এই সবকিছু থিম পার্ক থেকে হাঁটা দূরত্বে অবস্থিত।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) ভারপ্রাপ্ত কমিশনার ও প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা পদপ্রাপ্ত হোপ নাইট বলেন, "নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক প্রাণশক্তির জন্য পর্যটন অত্যন্ত গুরুত্বপূর্ণ, এবং মহামারী অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক উভয় বাজারে শিল্পটিকে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত করেছে। নিউ ইয়র্কে লেগোল্যান্ডের প্রথম পূর্ণাঙ্গ মৌসুমের উদযাপন এমন বহু ইতিবাচক ইঙ্গিতের প্রতিফলন যে আমরা কোভিড-19 সঙ্কট কাটিয়ে পূর্ণগঠন করছি এবং পুরো স্টেটে বহু চাকরি ও ব্যবসাকে সমর্থন করা এই শিল্পটিকে পুনরুজ্জীবিত করছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভাইস প্রেসিডেন্ট এবং পর্যটনের নির্বাহী পরিচালক রস ডি. লেভি বলেন, "নিউ ইয়র্ক স্টেট পারিবারিক আনন্দের নিখুঁত গন্তব্য এবং আই লাভ নিউ ইয়র্ক (I LOVE NY) ভ্রমণকারীদের এই সবকিছুর অংশ হতে আমন্ত্রণ জানাতে পেরে আনন্দিত। প্রাকৃতিক দৃশ্যে পরিপূর্ণ হাডসন ভ্যালিতে অবস্থিত লেগোল্যান্ড নিউ ইয়র্ক রিসোর্ট অতি দ্রুত পুরো স্টেটের পর্যটনের সেরা আকর্ষণ হয়ে উঠেছে। যখন অনেক পরিবার বেড়াতে যাওয়ার পরিকল্পনা করতে উদগ্রীব, তখন সকল প্রত্যাশা ছাড়িয়ে যাওয়া একটি স্মৃতিতে পূর্ণ বেড়ানোর মৌসুম শুরু করার জন্য এই বিশ্বমানের ভেন্যুর সাথে অংশীদারিত্ব করতে পেরে আমরা গর্বিত।"

আজকের ঘোষণা পুরো নিউ ইয়র্কে পর্যটন ও আতিথেয়তা পুনর্গঠনে স্টেটের প্রচেষ্টার সম্পূরক। পর্যটন শিল্প কোভিড-19 মহামারী দ্বারা সর্বাধিক ক্ষতিগ্রস্ত শিল্পগুলির একটি, যা ভ্রমণ, সরাসরি খরচ এবং অর্থনৈতিক প্রভাবে উল্লেখযোগ্য ক্ষতির সম্মুখীন হয়েছে। নভেম্বর মাসে গভর্নর হোকল "পর্যটন ফেরত আনো, চাকরি ফেরত আনো (Bring Back Tourism, Bring Back Jobs)" সর্বব্যাপী পুনরুদ্ধার প্যাকেজ ঘোষণা করেন, যেখানে রয়েছে শিল্পের অর্থনৈতিক পুনর্গঠন সমর্থনে নকশা করা অভীষ্ট কর্মসূচি ও উদ্যোগ।

পাশাপাশি, লেগোল্যান্ড নিউ ইয়র্ক শিক্ষার প্রতি প্রতিশ্রুতিবদ্ধ, তারা পুরো অঞ্চলের স্কুলে যাওয়ার বয়সী শিশুদের সারা বছরের শিক্ষামূলক সুযোগ প্রদান করবে, যেখানে বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, শিল্প এবং গণিত শিক্ষার জন্য কর্মসূচি থাকবে। এছাড়াও থিম পার্কটি গোশেন টাউনের সম্প্রদায়ের জন্য উল্লেখযোগ্য লাভ নিয়ে আসছে। লেগোল্যান্ড নিউ ইয়র্ক টাউনটিকে উপস্থিতির ভিত্তিতে একটি হোস্ট কমিউনিটি ফি (Host Community Fee) দিতে ওয়াদাবদ্ধ, যা প্রথম বছর কমপক্ষে 520,000 মার্কিন ডলার এবং পরের 30 বছরের জন্য কোনও ঊর্ধ্বসীমা ছাড়া প্রতি বছর বৃদ্ধি পাবে। এছাড়াও থিম পার্কটি প্রতি বছর টাউনের জন্য দুইটি কমিউনিটি দিবস আয়োজন করবে, যখন টিকেট বিক্রির 50 শতাংশ গোশেনভিত্তিক চ্যারিটিতে দান করা হবে।

স্টেটের সিনেটর মাইক মার্তুচি বলেন, "আমি অতি আনন্দিত যে লেগোল্যান্ড নিউ ইয়র্ক অবশেষে 2022 মৌসুমের জন্য আনুষ্ঠানিকভাবে খুলবে, এবং এর থেকেও বড় খুশি হলো এই যে এটি প্রথমবারের মতো পূর্ণাঙ্গ মৌসুমের জন্য খুলবে। লেগোল্যান্ড শুধু আমার জেলা এবং আমাদের স্টেটের জন্য একটি সুবিখ্যাত পর্যটন গন্তব্য নয়, বরং এটি আন্তর্জাতিক বিশ্বস্ততা এবং আনন্দের নিশান বহন করে। লেগোল্যান্ডের দল একটি আকর্ষণীয় মৌসুমের প্রস্তুতিতে দুর্দান্ত কাজ করেছে, এবং আমি আমার নিজের পরিবারকে একটি জাদুকরী উত্তেজনা ও বিনোদনের দিন কাটাতে অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

অ্যাসেম্বলি সদস্য কলিন জে. স্মিট বলেন, "লেগোল্যান্ডের প্রথম পূর্ণাঙ্গ মৌসুম এসে পড়েছে! আমার নিজের পরিবারসহ আমাদের পুরো অঞ্চলের পরিবারগুলির জন্য এটি একটি দারুণ সংবাদ এবং তারা পার্কে একটি দিন উপভোগ করার জন্য উন্মুখ হয়ে আছে। পর্যটন ও অর্থনৈতিক প্রাণশক্তি চালনা করার ব্যাপারে লেগোল্যান্ড অরেঞ্জ কাউন্টির একটি শক্ত অংশীদার এবং আমি আসন্ন বহু বছর ধরে অর্থনৈতিক সাফল্য ও পরিবারগুলির আনন্দ দেখার জন্য উন্মুখ। "

অরেঞ্জ কাউন্টি নির্বাহী স্টিভেন এম. নিউহাস বলেন, "লেগোল্যান্ড সম্প্রদায়ে একটি গুঞ্জন সৃষ্টি করেছে, এবং আমরা অরেঞ্জ কাউন্টিতে এর প্রথম পূর্ণাঙ্গ মৌসুম দেখতে উৎসাহী। থিম পার্কটি অঞ্চলটির জন্য একটি বড় অর্থনৈতিক আকর্ষণ হয়ে উঠেছে এবং এটি হাজার হাজার শিশু ও তাদের পরিবারের জন্য একটি ব্রিকট্যাস্টিক অভিজ্ঞতা তৈরি করেছে। আমি ভবিষ্যতে লেগোল্যান্ডের সাথে কাজ করতে এবং কাউন্টির পর্যটন শিল্পের সমৃদ্ধি দেখার জন্য উন্মুখ।"

গোশেন টাউন সুপারভাইজার জোসেফ বেট্রো বলেন, "আমরা সকলের উপভোগের জন্য একটি পার্ক তৈরি করতে লেগোল্যান্ডের সাথে কাজ করার জন্য উন্মুখ। আমরা এই প্রকল্পের প্রতি অঙ্গীকারবদ্ধ এবং আশা করছি যে এটি ভবিষ্যতেও এর সাফল্য অব্যাহত রাখবে। আমি মনে করি যে এটি গোশেন টাউনে আমাদের বাসিন্দা ও ব্যবসাসমূহের জন্য লাভজনক হবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন